গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.moca.gov.bd)

**নজরুল বর্ষ (২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত) পালন উপলক্ষ্যে আলোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নিতাই রায় চৌধুরী |
| | : | মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ৯ জুন ২০২৬; সকাল ১০.০০ টা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ এবং অনলাইন প্লাটফর্ম |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মাননীয় সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান সভাকে জানান যে জাতীয় পর্যায়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৭তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত ০৩ (তিন) দিনব্যাপী (২৩ - ২৫ মে, ২০২৬) অনুষ্ঠানের উদ্বোধনী অনুষ্ঠান গত ২৩ মে ২০২৬ তারিখ শনিবার ময়মনসিংহের ত্রিশালে অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান এমপি উক্ত অনুষ্ঠান উদ্বোধন করেন। অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী ২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত 'নজরুল বর্ষ' পালনের ঘোষণা প্রদান করেছেন। দেশব্যাপী নজরুল বর্ষ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে দেশের সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, কবি নজরুল ইন্সটিটিউট এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমির সমন্বয়ে পরবর্তী করণীয় বিষয়ে আলোচনার জন্য আজকের এ সভা আয়োজন করা হয়েছে। সভাপতি বলেন দেশের ৬৪টি জেলায় এবং দেশের ৭৪টি প্রত্যন্ত উপজেলায় নজরুল বর্ষের (২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত) কর্মসূচি বাস্তবায়নের অংশ হিসেবে ৩(তিন) দিনব্যাপী অনুষ্ঠান আয়োজনের কার্যক্রম গ্রহণ করা হবে। উক্ত অনুষ্ঠানে উপজেলা ও জেলা পর্যায়ের সকল স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সম্পৃক্ত করতে হবে। এ বিষয়ে বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করতে হবে। প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের পুরস্কারের ব্যবস্থা রাখতে হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের জন্য সান্ত্বনা পুরস্কারের ব্যবস্থা রাখতে হবে। অনুষ্ঠান আয়োজনের বিষয়ে স্থানীয় সংসদ সদস্যগণকে সম্পৃক্ত করতে হবে। মাননীয় প্রতিমন্ত্রী বলেন, নজরুল বর্ষ উপলক্ষ্যে একটি কর্মপরিকল্পনা তৈরি করা হয়েছে। যা লিখিতভাবে জেলা ও উপজেলা পর্যায়ে প্রেরণ করা হবে। নজরুল বর্ষ পালন উপলক্ষ্যে স্থানীয় সকল সংস্কৃতিকর্মীকে সম্পৃক্ত করতে হবে। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বলেন নজরুল বর্ষ পালন উপলক্ষ্যে দ্রুত কার্যক্রম শুরু করতে হবে। তিনি আরো বলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে নজরুল বর্ষ উপলক্ষ্যে ৩(তিন) দিনব্যাপী অনুষ্ঠান আয়োজনের জন্য ৬৪ জেলা ও ৭৪টি প্রত্যন্ত উপজেলায় অর্থ বরাদ্দ প্রদান করা হবে। তিনি নজরুল বর্ষ পালনের জন্য সকল জেলা প্রশাসককে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | দেশের ৬৪টি জেলায় এবং দেশের ৭৪টি প্রত্যন্ত উপজেলায় নজরুল বর্ষের (২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত) কর্মসূচি বাস্তবায়নের অংশ হিসেবে ৩(তিন) দিনব্যাপী অনুষ্ঠান আয়োজনের কার্যক্রম গ্রহণ করতে হবে। উক্ত অনুষ্ঠানে জেলা ও উপজেলা পর্যায়ের স্কুল ও কলেজের শিক্ষার্থীদের সম্পৃক্ত করতে হবে। এ উপলক্ষ্যে বিভিন্ন সংস্কৃতিক দল ও স্কুল, কলেজ পর্যায়ে প্রতিযোগিতার আয়োজন করতে হবে। প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের পুরস্কারের ব্যবস্থা রাখতে হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সকলের জন্য সান্ত্বনা পুরস্কারের ব্যবস্থা রাখতে হবে। অনুষ্ঠান আয়োজনের বিষয়ে স্থানীয় সংসদ সদস্যগণকে সম্পৃক্ত করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), জেলা শিল্পকলা একাডেমি (সকল), উপজেলা নির্বাহী অফিসার (৭৪টি উপজেলা-তালিকা সংযুক্ত)। |
| ২. | গঠিত জাতীয় কমিটির মাধ্যমে নজরুল বর্ষ উপলক্ষ্যে কর্মপরিকল্পনা তৈরি করা হবে। যা লিখিতভাবে জেলা ও উপজেলা পর্যায়ে প্রেরণ করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, জেলা প্রশাসক (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (৭৪টি উপজেলা-তালিকা সংযুক্ত)। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩. | ৩(তিন) দিনের অনুষ্ঠান আয়োজনের একটি খসড়া প্রস্তাব প্রেরণ করা হবে। তন্মধ্যে ১ম দিন শুধুমাত্র নজরুলের সৃষ্টিকর্ম নিয়ে অনুষ্ঠান, মেলা ২য় দিন স্কুল-কলেজের শিক্ষার্থীদের জন্য নজরুলের সৃষ্টিকর্ম নিয়ে প্রতিযোগিতা ও ৩য় দিনে বাংলাদেশের অন্যান্য সকল সাংস্কৃতিক বিষয় অন্তর্ভুক্ত করে অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (৭৪টি উপজেলা-তালিকা সংযুক্ত), জাসাস এর প্রতিনিধি। |
| ৪. | নজরুল বর্ষ পালনের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর অনুষ্ঠান/উৎসবাদি খাত হতে ৬৪টি জেলায় ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হারে (২,৫০,০০০ X ৬৪)= ১,৬০,০০,০০০/- (এক কোটি ষাট লক্ষ) টাকা এবং ৭৪টি প্রত্যন্ত উপজেলায় ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হারে (১,৫০,০০০x৭৪)=১,১১,০০,০০০/- (এক কোটি এগারো লক্ষ) বরাদ্দ প্রদান করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, জেলা প্রশাসক (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (৭৪টি উপজেলা, তালিকা সংযুক্ত)। |

২.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি নজরুল বর্ষ (২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত) সম্মিলিতভাবে আয়োজনে সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে উপস্থিত ও অনলাইনে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৭/০৬/২০২৬
নিতাই রায় চৌধুরী
মন্ত্রী

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪২.২৬.৪৭৬

তারিখ: ১৪ আষাঢ় ১৪৩৩ / ২৮ জুন ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। নির্বাহী পরিচালক (গ্রেড-১), কবি নজরুল ইনস্টিটিউট, কবি ভবন, ধানমন্ডি, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার (সকল), বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
০৪। অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। জেলা প্রশাসক (সকল), জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
০৭। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। উপসচিব (প্রশাসন-১), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২/শিল্পকলা/ নজরুল ও কারুশিল্প শাখা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৪। সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫। সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। হিসাবরক্ষণ কর্মকর্তা ও ডিডিও, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

২৮/৬/২০২৬

(আজম উদ্দীন তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
৫৫১০১১৬৫
event.section@moca.gov.bd